


যুগান্তর

প্রাথমিক সমাপনী রোববার শুরু

প্রকাশ : ১৭ নভেম্বর ২০১৮, ১৮:৫২ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



ফাইল ছবি

সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী, এবার থেকে প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষায় কোনো এমসিকিউ প্রশ্ন থাকবে না।

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা রোববার থেকে শুরু হতে যাচ্ছে। দেশের ৭ হাজার ৪১০টি কেন্দ্রে একযোগে শুরু হচ্ছে এ পরীক্ষা।

প্রথম দিন সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ইংরেজি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে, চলবে ২৬ নভেম্বর পর্যন্ত।

৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন শিক্ষার্থী এবারের সমাপনীতে অংশ নিচ্ছে। যার মধ্যে প্রাথমিকের ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন এবং ইবতেদায়িতে ৩ লাখ ১৭ হাজার ৮৫৩ জন রয়েছে। এ বছর ছাত্রদের থেকে ২ লাখ ১৯ হাজার ৭৮৬ জন বেশি ছাত্রী সমাপনীতে বসবে।

এবার বিশেষ চাহিদা সম্পন্ন ৩ হাজার ২৯৪ জন শিক্ষার্থী প্রাথমিক সমাপনীতে অংশ নিচ্ছে। যারা পরীক্ষায় অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবে।

এছাড়া বিদেশের ১২টি কেন্দ্রে প্রাথমিক

উল্লেখ্য, ২০০৯ সাল থেকে পঞ্চম শ্রেণিতে পড়ুয়া শিক্ষার্থীদের জন্য প্রাথমিক সমাপনী পরীক্ষা পদ্ধতি চালু হয়। আর ইবতেদায়িতে এই এটি চালু হয় ২০১০ সাল থেকে।

প্রথম দুই বছর বিভাগভিত্তিক ফল দিলেও ২০১১ সাল থেকে গ্রেডিং পদ্ধতিতে ফল দেয়া হচ্ছে।

এছাড়া আগে এই পরীক্ষার সময় দুই ঘণ্টা থাকলেও ২০১৩ সাল থেকে পরীক্ষার সময় আধঘণ্টা বাড়িয়ে করা হয়েছে আড়াই ঘণ্টা।

প্রাথমিক সমাপনীর সূচি:

১৮ নভেম্বর ইংরেজি, ১৯ নভেম্বর বাংলা, ২০ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ২২ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা।

ইবতেদায়ি সমাপনীর সূচি:

১৮ নভেম্বর ইংরেজি, ১৯ নভেম্বর বাংলা, ২০ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং বিজ্ঞান, ২২ নভেম্বর আরবি, ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর কোরআন ও তাজবিদ এবং আকাইদ ও ফিকাহ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।